

## الْمُجِيبُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৪৫ তম নাম 'الْمُجِيبُ' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْمُجِيبُ' শব্দের মূল ب - ج - م , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪৩ বার এসেছে। আমি (আল্লাহ) সাড়া দেই, আমি (আল্লাহ) উত্তম সাড়া দানকারী, সাড়া, জবাব, খোদাই করা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُجِيبُ অর্থ: 'তিনি প্রার্থনা শ্রবণকারী ও উত্তম সাড়া দানকারী'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَإِلَىٰ تَمُودَ أَخَاهُمْ صَالِحًا قَالَ يَقَوْمِ أَعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنِّ إِلَهٍ غَيْرُهُ هُوَ أَنشَأَكُمْ مِنَ الْأَرْضِ وَاسْتَعْمَرَكُمْ فِيهَا فَاسْتَغْفِرُوهُ ثُمَّ تَوَبُّوا إِلَيْهِ إِنَّ رَبِّي قَرِيبٌ مُّجِيبٌ ﴿٦١﴾

আমরা সামুদ জাতির কাছে পাঠিয়েছিলাম তাদেরই ভাই সালেহ কে। সে তাদের বলেছিল: হে আমার কওম! তোমরা এক আল্লাহর দাসত্ব ও আনুগত্য করো, তিনি ছাড়া তোমাদের আর কোন ইলাহ নেই। তিনি তোমাদের সৃষ্টি করেছেন জমিন থেকে এবং তাতেই তোমাদের তামির (প্রতিষ্ঠিত) করেছেন। অতএব, তোমরা তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করো এবং তাঁরই দিকে ফিরে আসো। অবশ্যই আমার প্রভু অতি কাছে এবং ডাকে সাড়া দানকারী। (সূরা হুদ: আয়াত নং ৬১)

وَلَقَدْ نَادَانَا نُوحٌ فَلَنِعْمَ الْمُجِيبُونَ ﴿٧٥﴾

নুহ আমাদের ডেকেছিল, আর আমরা ডাকে কতই না উত্তম সাড়া দানকারী। (সূরা সাফফাত: আয়াত নং ৭৫)

## মুসলিম, তিরমিজি, ইবনে মাজাহ শরীফের হাদিস:

হে আমার বান্দারা! তোমাদের প্রথম ও শেষ ব্যক্তি এবং সমস্ত মানুষ ও জিন এক জায়গায় একত্রিত হয় এবং আমার কাছে প্রার্থনা করে এবং তাদের যা কিছু চাওয়ার সবই চায় এবং আমি যদি সকলকে তার সমস্ত চাওয়ার সবকিছু দান করি, তাতে আমার রাজত্বের এবং আমার কাছে যা আছে তার কিছুই কমবে না। আমার এই সমস্ত দান সমুদ্রের ভিতর একটা সুই ডুবিয়ে উঠালে যতটুকু পানি আসবে তার চেয়ে বেশি নয়।

সুতরাং ভাই ও বোনেরা আসুন আমরা তাঁর কাছেই চাই যিনি প্রার্থনার উত্তম সাড়াদানকারী, তাঁর সাথে আমরা কাউকে শরিক না করি। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।